ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৯৩

আগরতলা, ২৪ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

"অবহেলায় ধুঁকছে শ্রীনগর গ্রামীণস্বাস্থ্য কেন্দ্র," এই শিরোনামে ত্রিপুরা দর্পণ পত্রিকায় গত ১৪ অক্টোবর ২০২৫ প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। এই সংবাদটির পরিপ্রেক্ষিতে দপ্তরের পক্ষ থেকে জানানো যাচ্ছে যে, ত্রিপুরা রাজ্যের বিভিন্ন প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র ও সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে স্টাফ কোয়ার্টার নির্মাণের জন্য একটি প্রস্তাব "স্পেশাল অ্যাসিস্ট্যান্স টু স্টেটস ফর ক্যাপিটাল ইনভেস্টমেন্ট" প্রকল্পের অধীনে জমা দেওয়া হয়েছে। উক্ত প্রস্তাবের অনুমোদন পাওয়া গেলে এ ক্ষেত্রে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে। এছাড়াও, ত্রিপুরার বিভিন্ন স্থানে স্টাফ কোয়ার্টার নির্মাণের জন্য পৃথক মডেল এস্টিমেট/ডিপিআর প্রস্তুত করার অনুরোধ জানিয়ে পিডব্লিউডি (বিল্ডিংস)-এর চিফ ইঞ্জিনিয়ারের নিকট একটি পত্র ইস্যু করা হয়েছে। শ্রীনগর সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে বাউন্ডারি ওয়াল নির্মাণের বিষয়টি বর্তমানে দপ্তরের বিবেচনাধীন রয়েছে। এদিকে, দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক কর্তৃক প্রদত্ত রিপোর্টের ভিত্তিতে জানানো যাচ্ছে যে, শ্রীনগর সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে একটি মারুতি সুজুকি ইকো অ্যাম্বুলেন্স চালু অবস্থায় রয়েছে। তবে এই সামাজিক স্বাস্থ্যকেন্দ্রে বর্তমানে কোনো বি.এল.এস অ্যাম্বুলেন্স নেই। শ্রীনগর সামাজিক স্বাস্থ্যকেন্দ্রটিতে বর্তমানে দু'জন জেনারেল ডিউটি মেডিক্যাল অফিসার (জি.ডি.এম.ও) কর্মরত আছেন। শুধুমাত্র সেইসব রোগীকে উচ্চতর স্বাস্থ্য প্রতিষ্ঠানে রেফার করা হয় যাদের জেলা ও রাজ্য ভিত্তিক হাসপাতালে আরও পরীক্ষা-নিরীক্ষা এবং সুনির্দিষ্ট চিকিৎসার প্রয়োজন হয়। গত তিন মাসে মোট১৭ জন রোগী উচ্চতর স্বাস্থ্য প্রতিষ্ঠানে রেফার করা হয়েছে। এই সামাজিক স্বাস্থ্যকেন্দ্রের সর্বশেষ আর.কে.এস সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে পুরনো গ্যারেজের সম্প্রসারণ ও সংস্কার দ্রুত সম্পন্ন করা হবে। কারণ, পার্কিং এর জায়গার অভাবে অনেক সময় হাসপাতালের কর্মচারীরা তাদের যানবাহন হাসপাতাল প্রাঙ্গণেই রাখতে বাধ্য হন।

********